

চাৰিতে নার্সিং শিক্ষা ইনষ্টিটিউট হচ্ছে

আর্থিক সহায়তা দেবে কোরিয়া

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : কোরিয়া আন্তর্জাতিক কো-অপারেশন এজেন্সি (কোইকা) আর্থিক সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'নার্সিং শিক্ষা ইনষ্টিটিউট' স্থাপিত হতে যাচ্ছে। এই ইনষ্টিটিউটে দুই বছর মেয়াদি নার্সিং বিষয়ে মাস্টার্স শ্রেণীতে চারপূৰ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল (মঙ্গলবার) কোরিয়া আন্তর্জাতিক কো-অপারেশন এজেন্সি (কোইকা) একটি প্রতিনিধি দল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আ আ ম স আমেজিন সিদ্দিকের সাথে তার অফিসে সাক্ষাৎকালে তারা এই সিদ্ধান্ত গ্রহণ করেন। এ সময় কোইকা প্রতিনিধি দলে ছিলেন ড. নো-জাই পার্ক, ড. উসুক কিম, মিজ কিমহাইয়ুং, মি. পী চেং উ এবং মিজ মুয়াং। ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিসিন অনুষদের ভিন প্রফেসর ড. মো: ইসমাইল খান, বিশ্ব স্বাস্থ্য সংস্থার নার্সিং শিক্ষা বিষয়ক জাতীয় কনসালট্যান্ট মিজ রহিমা জামাল আখতার এবং নার্সিং সার্ভিসেস অধিদপ্তরের একজন কর্মকর্তা মিজ তাসলিমা বেগম উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা পারস্পরিক বার্ষিক-সংশ্লিষ্ট বিষয় নিয়ে বিশেষ করে, কোরিয়া আন্তর্জাতিক কো-অপারেশন এজেন্সি (কোইকা) আর্থিক সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'নার্সিং শিক্ষা ইনষ্টিটিউট' স্থাপনের বিষয়ে দীর্ঘ আলাপ-আলোচনা করেন। তারা এই ইনষ্টিটিউটে দুই বছর মেয়াদি নার্সিং বিষয়ে মাস্টার্স শ্রেণীতে চারপূৰ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেন। এছাড়া, এই ইনষ্টিটিউটের প্রশাসনিক, একাডেমিক ও মাস্টার্স শ্রেণীমের কোর্স কারিকুলাম প্রণয়নসহ বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।